"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম
৬,কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং ৫৯.১১.০০০০.৫৫০.২৩.০০১.২২. 2980 তারিখঃ 22/11/2022

**বিষয় ঃ আগামী ১৭-২২ ডিসেম্বর, ২০২২ইং দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদ্‌যাপন প্রসঙ্গে।**

সূত্র ঃ অধিদপ্তরের আইইএম ইউনিটের স্মারক নং ৫৯.১১.০০০০.৩৫০.২৩.০১৭.২২.১৯৮৬, তারিখঃ ২০/১০/২০২২ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১৭-২২ ডিসেম্বর,২০২২ইং দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদ্‌যাপনের উদ্যোগ নেয়া হয়েছে। এবারের পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে **"সময়মতো নিলে পরিবার পরিকল্পনা পদ্ধতি, শিশু ও মাতৃস্বাস্থ্যের হবে উন্নতি"**। উক্ত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহে দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা কার্যক্রমে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে ঃ

- বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য মাসিক/ বিশেষ সভায় সেবা সপ্তাহ সম্পর্কে বিশেষ আলোচনা করতে হবে, যেখানে সেবা সপ্তাহ সফলভাবে উদযাপন উপলক্ষ্যে একটি সুনির্দিষ্ট Action plan প্রণয়ন করা হবে।
- এই চিঠি পাওয়া মাত্রই কর্মকর্তাগণ সেবা সপ্তাহ সফলভাবে বাস্তবায়নের উদ্দেশ্যে এতদসংক্রান্ত প্রয়োজনীয় ইমপ্রেস্ট ফান্ড, লজিস্টিক, এমএসআর চাহিদা পেশ করে অতিদ্রুত সংগ্রহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- উপপরিচালকগণ বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা এর সাথে আলোচনার মাধ্যমে পার্শ্ববর্তী জেলার চিকিৎসক কর্মকর্তাদের সমন্বয়ে স্থায়ী ও দীর্ঘমেয়াদী কার্যক্রম বিষয় ক্যাম্পে সেবা নিশ্চিত করবেন।
- দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা সেবার ক্ষেত্রে যে সকল স্থানে সেবাপ্রদানকারীর স্বল্পতা আছে, সেখানে রিজিওনাল কনসালটেন্ট/ ডিস্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটিগণ উপপরিচালক (পরিবার পরিকল্পনা) এবং সংশ্লিষ্ট Roving Team এবং NGO দের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় সংখ্যক অপারেটিং সার্জন টীম/ সেবা প্রদানকারী টীম গঠন করবেন এবং রিজিওনাল কনসালটেন্ট/ডিস্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটিগণ নিজেরাও সার্জন হিসাবে এ সকল টীমে যুক্ত হয়ে সরাসরি সেবা প্রদান করবেন এবং সেবা সপ্তাহের কার্যক্রম তদারকি করবেন। প্রশিক্ষিত চিকিৎসক কর্মকর্তাদের সর্বোচ্চ অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- মাসিক/ বিশেষ সভায় সেবা সপ্তাহে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবার ক্ষেত্রে যেখানে LAPM Roving Team এবং আইইউডি Roving Team এর সহায়তা প্রয়োজন তা নির্ধারণ করে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়/মেরী স্টোপস বাংলাদেশ এবং সংশ্লিষ্ট Roving Team কে পূর্বে অবহিত করতে হবে।
- ১৭-২২ ডিসেম্বর, ২০২২ইং তারিখ পর্যন্ত দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির ক্যাম্প জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রতিদিনই সংগঠন করে সেবা প্রদান করতে হবে। সকল চিকিৎসক কর্মকর্তাগণ স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি ও ইমপ্ল্যান্ট সেবা প্রদান করবেন এবং মহিলা চিকিৎসক কর্মকর্তা, মহিলা স্যাকমো ও পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ আইইউডি সেবা প্রদান করবেন। সেবাকেন্দ্রে প্রতিদিন সেবাপ্রদানকারীদের সার্বক্ষনিক উপস্থিতি অত্যাবশ্যক।
- প্রতি উপজেলার Hard to reach area অথবা দূরবর্তী এলাকা যেখান থেকে ক্লায়েন্ট সহজে উপজেলা সদরে আসতে পারেন না, সে সকল এলাকায় সেবা সপ্তাহের নিয়মিত সেবাদানের পাশাপাশি দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির ক্যাম্প আয়োজন করতে হবে।
- স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীগণ (PPV, FWA, FPI, FWV, Pharmacist, SACMO, CHCP, HA, AHI, HI, NGO মাঠকর্মী) প্রত্যেকে সেবা সপ্তাহ চলাকালীন কমপক্ষে ১টি দীর্ঘমেয়াদী এবং ১টি স্থায়ী পদ্ধতির গ্রহীতা প্রেরণ করে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ-২০২২ সাফল্যমন্ডিত করবেন।
- স্বাস্থ্য অধিদপ্তরের অধীন যে সকল মেডিক্যাল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা হাসপাতাল ও উপজেলা হাসপাতালে প্রসব পরবর্তী দীর্ঘ মেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা চালু আছে, সে সকল কেন্দ্রে সেবা সপ্তাহে উক্ত সেবা প্রদান নিশ্চিত করার সার্বিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- এনজিও ও প্রাইভেট সেক্টরের সেবাকেন্দ্র সমূহে প্রতিদিনই দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা প্রদান করতে হবে।
- সকল পর্যায়ের সেবাকেন্দ্রে করোনা কালীন স্বাস্থ্য বিধি অনুসরণ ও আবশ্যিকভাবে মাস্ক পরিধান পূর্বক সেবা প্রদান নিশ্চিত করতে হবে।
- সেবা সপ্তাহে সিসিএসডিপি ইউনিটের লাইন ডাইরেক্টর, প্রোগ্রাম ম্যানেজার, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজারগণের সমন্বয়ে ০৭ সদস্য বিশিষ্ট একটি মনিটরিং সেল LAPM কার্যক্রম বিভাগ ভিত্তিক মনিটরিং করবেন।
- প্রতিদিনের সেবা প্রদানের পদ্ধতি ভিত্তিক সংখ্যা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমআইএস ইউনিটে প্রেরণের পাশাপাশি এর এক কপি সিসিএসডিপি'র ই-মেইল এড্রেস ccsdpdgfp@gmail.com এ পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি সংক্রান্ত যে কোন প্রয়োজনে সিসিএসডিপি ইউনিটের উপপরিচালক ও প্রোগ্রাম ম্যানেজার ডাঃ নিয়াজ মোহাম্মদ কামালী, মোবাইল নম্বর নং ০১৭১৫-০১৭১২৭ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

- পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সিসিএসডিপি ইউনিট হতে ইমপ্রেষ্ট ফান্ড বরাদ্দ, লজিস্টিক ও এমএসআর এর সরবরাহ নিশ্চিত করণে প্রয়োজনীয় সর্বোচ্চ পদক্ষেপ গ্রহণ করা হবে।
- কেন্দ্রীয় পণ্যাগার, আঞ্চলিক পণ্যাগার, জেলা সংরক্ষিত পণ্যাগারসমূহ সেবা সপ্তাহ সংক্রান্ত চাহিদা অনুযায়ী দ্রুত পর্যাপ্ত সরবরাহ প্রদান নিশ্চিত করবেন।
- সকল কর্মকর্তাগণ দেশব্যাপী **"সময়মতো নিলে পরিবার পরিকল্পনা পদ্ধতি, শিশু ও মাতৃস্বাস্থ্যের হবে উন্নতি"** বাস্তবায়নে সকল কর্মীর কার্যকর সংশ্লিষ্টতা ও অংশগ্রহণ নিশ্চিত করবেন এবং সেবা সপ্তাহ শেষে কর্মী ভিত্তিক পদ্ধতি ওয়ারী অগ্রগতি রিপোর্ট প্রেরণ করবেন।

উপরোলিখিত বিষয় সমূহের প্রতি গুরুত্ব প্রদান পূর্বক আগামী ১৭-২২ ডিসেম্বর, ২০২২ইং তারিখে অনুষ্ঠিতব্য দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সফলভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে।

স্বাঃ

ডাঃ নূরুন নাহার বেগম
লাইন ডাইরেক্টর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম।

প্রাপক ঃ ১। পরিচালক, পরিবার পরিকল্পনা,....................................বিভাগ।
২। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ................................জেলা।
৩। সহকারী পরিচালক (পঃপঃ/সিসি)...........................................জেলা।
৪। রিজিওনাল/ ডিষ্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটি,..........................অঞ্চল/ জেলা।
৫। মেডিক্যাল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র. ........................... জেলা।
৬। মেডিক্যাল অফিসার (সিসি),...........................................জেলা।
৭। মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)
.............................উপজেলা...........................জেলা।

স্মারক নং ৫৯.১১.০০০০.৫৫০.২৩.০০১.২২.২৭৪৫/৭২৫০৩ তারিখঃ ২২/১২/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
২. বিভাগীয় কমিশনার, ..................................বিভাগ।
৩. পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল) .............................................অত্র অধিদপ্তর।
৪. পরিচালক ও লাইন ডাইরেক্টর (সকল), ..............................................স্বাস্থ্য অধিদপ্তর।
৫. বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য (সকল) ................................বিভাগ।
৬. পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা /এমসিএইচটিআই,আজিমপুর, ঢাকা/ এমসিএইচটিআই,লালকুঠি, মিরপুর,ঢাকা।
৭. জেলা প্রশাসক, ..................................জেলা।
৮. সিভিল সার্জন, .........................................জেলা।
৯. উপজেলা চেয়ারম্যান, ...................................উপজেলা.........................জেলা।
১০. উপজেলা নির্বাহী কর্মকর্তা,..............................উপজেলা............................জেলা।
১১. অতিরিক্ত পরিচালক (ঔষধ সংগ্রহ ও ভান্ডার), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী,ঢাকা- আঞ্চলিক পণ্যাগার ও উপজেলা পরিবার পরিকল্পনা গুদামে আইইউডি, ইমপ্ল্যান্টসহ অন্যান্য আনুষংগিক এমএসআর এর পর্যাপ্ত সরবরাহ দ্রুত নিশ্চিত করবেন।
১২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ........................উপজেলা......................জেলা।
১৩. সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার, ...............................জেলা।
১৪. প্রতিনিধি, ..................................................................এনজিও।
১৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।

17.12.2022

ডাঃ নিয়াজ মোহাম্মদ কামালী
উপপরিচালক (সিএস) ও প্রোগ্রাম ম্যানেজার (এসডি)
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম।

D:\Imrul\Imrul2010\sebashopta\Sheba shopta 17-22 Dec 2022.doc